

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.২৭.০০২.২২-৮৯

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি


বিষয়: ৪র্থ গণবিজ্ঞপ্তি ২০২২ এর আওতায় ৫৫ জন প্রার্থীকে প্রাথমিক নির্বাচন।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২১ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখে প্রকাশিত ৪র্থ গণবিজ্ঞপ্তিতে নিবন্ধনধারী প্রার্থীদের আবেদনের প্রেক্ষিতে মেধাক্রম, পছন্দক্রম ও প্রতিষ্ঠানের চাহিদার ভিত্তিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এমপিও শূন্য পদে শিক্ষক নিয়োগ সুপারিশের লক্ষ্যে ১২, মার্চ, ২০২৩ খ্রিঃ তারিখে প্রাথমিকভাবে প্রার্থী নির্বাচন করা হয়। ফলাফল প্রক্রিয়াকরণের সময় ৭৭ জন প্রার্থীর রোল নম্বর কর্মরত শিক্ষকদের রোল নম্বরের সাথে মিলে যাওয়ায় তাদেরকে টেলিটক সফটওয়্যার কর্তৃক প্রাথমিক নির্বাচন থেকে বাদ দেয়া হয়। পরবর্তীতে প্রার্থীদের আবেদন যাচাই অন্তে তাঁরা প্রাথমিকভাবে নির্বাচনযোগ্য মর্মে বিবেচিত হয়। শূন্য পদ বিদ্যমান থাকায় উক্ত ৭৭ জনের মধ্যে ৫৩ জন প্রার্থীকে নির্বাচন করা হলো (তালিকা ওয়েবসাইটে প্রদর্শিত)। অবশিষ্ট ২৪ জনের পদ সংরক্ষণ করা হয়েছে। শূন্য পদ প্রাপ্তি সাপেক্ষে তাদেরকে পরবর্তীতে প্রাথমিকভাবে নির্বাচন করা হবে।

২। চতুর্থ গণবিজ্ঞপ্তির আওতায় ০৩ (তিন) জন প্রার্থীকে পদ শূন্য নেই এমন ০৩টি শিক্ষা প্রতিষ্ঠানে প্রাথমিকভাবে নির্বাচন করা হলেও সেখানে ০৩ জন প্রার্থীকে পূর্বে প্রতিস্থাপন করা হয়েছিল বিধায় তাদের মধ্যে ২ (দুই) জন প্রার্থীকে শূন্য পদ বিদ্যমান থাকায় অন্য ০২টি শিক্ষা প্রতিষ্ঠানে পুনরায় প্রাথমিকভাবে নির্বাচন করা হলো। অবশিষ্ট ০১ জনের পদ সংরক্ষণ করা হয়েছে। শূন্য পদ প্রাপ্তি সাপেক্ষে তাকে পরবর্তীতে প্রাথমিক নির্বাচন করা হবে।

৩। প্রাথমিকভাবে নির্বাচিত (৫৩+২)=৫৫ জন প্রার্থীর ফলাফল এনটিআরসিএ'র ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) ৪র্থ গণবিজ্ঞপ্তি-২০২২ নামক সেবাবক্সে ৫৫ জন প্রার্থীর প্রাথমিক নির্বাচন নামক মেন্যুতে এবং <http://ngi.teletalk.com.bd> লিংকে পাওয়া যাবে। নির্বাচিত প্রার্থীগণ স্ব স্ব Application ID এবং মোবাইল নম্বর দিয়ে Login করে ফলাফল দেখতে পারবেন। একইভাবে প্রতিষ্ঠান প্রধানগণ তাদের স্ব স্ব ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে তাঁর প্রতিষ্ঠানে নির্বাচিত প্রার্থীদের তথ্য দেখতে পারবেন। কোন নির্বাচিত প্রার্থী কিংবা প্রতিষ্ঠান প্রধান টেকনিক্যাল কারণে SMS না পেলে NTRCA এর ওয়েবসাইটের ৪র্থ গণবিজ্ঞপ্তি ২০২২ সেবা বক্স থেকে প্রাথমিক নির্বাচনের ফলাফল দেখার জন্য তাঁদেরকে অনুরোধ করা হলো।

৪। প্রাথমিকভাবে নির্বাচিত উক্ত ৫৫ জন প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন ফরম (V-Roll) অনলাইনে পূরণ করে অনলাইনে সাবমিট করতে হবে। সরাসরি বা ডাকযোগে কোন V-Roll ফরম জমা নেওয়া হবে না। এ জন্য প্রার্থীর মোবাইলে একটি লিংক (<https://scs.ssd.gov.bd/>), User ID ও Password দেয়া হবে। উক্ত লিংকে স্ব স্ব User ID ও Password দিয়ে Online security clearance system এ লগইন করে V-Roll ফরমটি পূরণ করে submit করতে হবে। ফরম Submit করার সর্বশেষ তারিখ ১৫.০৬.২০২৩ খ্রিঃ। কোন প্রার্থী অনলাইনে V-Roll ফরমটি পূরণ করে ১৫.০৬.২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে Submit না করলে তাঁর প্রাথমিক নির্বাচন বাতিল বলে গণ্য হবে।


(এ বি এম শওকত ইকবাল শাহীন)
সদস্য (যুগ্মসচিব)
শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান (অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৪১০৩০০৪৭